



ব্রি ধান-গম মাড়াই যন্ত্র

### ব্রি ধান-গম মাড়াই যন্ত্র (টিএইচ-৭) পরিচিতি

এটি একটি উন্নত মানের ধান ও গম মাড়াই মেশিন। একই মেশিনে ধান ও গম মাড়াই ও ঝাড়াইয়ের জন্য ব্রি ফার্ম মেশিনারি ও পোস্টহারভেস্ট টেকনোলজি বিভাগ থেকে ১৯৯৩ সালে এটি উদ্ভাবন করা হয়। ইঞ্জিনচালিত এই মাড়াই যন্ত্র সনাতন মাড়াই পদ্ধতি বা পা চালিত মাড়াই যন্ত্রের চেয়ে সাশ্রয়ী।

### মাড়াই যন্ত্রের প্রয়োজনীয়তা

শস্য মাড়াই একটি শ্রমনিবিড় ও সময় সাপেক্ষ কাজ। সনাতন পদ্ধতিতে ধান ও গম মাড়াই করলে কিছু দানা ছিটিয়ে পড়ে, কিছু দানা শিষের সাথে থেকে যায় এবং কোন কোন ক্ষেত্রে দানা ভেঙে যায়। সনাতন পদ্ধতিতে ধান ও গম মাড়াই করলে প্রায় ৩.৫% শস্য ঘাটতি হয়। এ মেশিনে মাড়াই করলে এ ঘাটতি এড়ানো সম্ভব। ধান ও গম মাড়াই কাজে ব্যবহার করা যায়।

### প্রধান বৈশিষ্ট্যসমূহ:

- ▶ তৈরির উপাদান : ধাতব পাত, লৌহ বার, লৌহদন্ড, বিয়ারিং, যান্ত্রিক পাখা, পুলি, ভি-বেল্ট, ফ্লাই হুইল, রাবার চাকা
- ▶ চালিকা শক্তি : ১২ অশ্বশক্তিসম্পন্ন ডিজেল ইঞ্জিন
- ▶ কার্য ক্ষমতা : প্রতি ঘণ্টায় ৫০০-৬০০ কেজি (ধান) ৪০০ কেজি (গম)
- ▶ ভাঙা দানার পরিমাণ : শতকরা ১ ভাগ

### খরচ ও লাভ:

- ▶ মূল্য (ইঞ্জিন সহ) : ৫৫,০০০ টাকা
- ▶ কার্যকরী জীবনকাল : ৫ বছর
- ▶ আনুমানিক ব্যবহার : প্রতি বছর ৭২০ ঘণ্টা
- ▶ আনুমানিক খরচ : প্রতি টনে ২২৫ টাকা
- ▶ লাভ : প্রতি টনে ৩৫০ টাকা
- ▶ মূলধন ফেরত পাওয়ার সময়: ৫ মাস



ধান মাড়াই কাজে টিএইচ-৭

### সুবিধা:

- ▶ মাড়াইকৃত বীজ ধানে চারা গজানোর ক্ষমতা অটুট থাকে
- ▶ এই যন্ত্রে অন্যান্য দানাদার ফসল (ছোলা, মাষকলাই) মাড়াই করা যায়
- ▶ যন্ত্রটি চালাতে মাত্র দুইজন লোকের প্রয়োজন হয়। এটি ভাড়ায় ব্যবহার করে বাড়তি উপার্জন করা যায়

### সীমাহীনতা

- ▶ খড়ের দৈর্ঘ্য বেশি হলে মাড়াই ক্ষমতা কমে যায়

### সীমাহীনতা

- ▶ প্রতি ১০ ঘণ্টা ব্যবহারের পর মবিল লেভেল পরীক্ষা করে প্রয়োজনে তা পূরণ করতে হবে।
- ▶ প্রতি ২৫ ঘণ্টা ব্যবহারের পর সিলিভার বিয়ারিংয়ে ভালো গ্রীজ প্রয়োগ করতে হবে
- ▶ ইঞ্জিনের নির্দেশিকা (ম্যানুয়েল) অনুযায়ী এয়ার ক্লিনার, ফুয়েল ফিল্টার ও ফুয়েল লাইন প্রভৃতি পরিষ্কার করতে হবে।

### প্রাপ্তিস্থান

- ◆ জনতা মেশিন টুলস লিমিটেড, ২৯ দিলকুশা শিল্প এলাকা, ঢাকা-১০০০, ফোন : ৯৫৬৪১১১
- ◆ মেসার্স উত্তরণ ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশ (প্রাঃ) লি., কালিতলা, দিনাজপুর, ফোন: ০৫৩১-৬৩০০৪ (অনু)
- ◆ জে কে ইন্ডাস্ট্রিজ, ১৬ শের-ই-বাংলা রোড, কাটাসুর, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭, ফোন: ৯১১১৯৪৭